পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
**বাংলাদেশ ব্যাংক**
প্রধান কার্যালয়
ঢাকা

পিএসডি সার্কুলার নং- ০২/২০২৫

তারিখ ঃ ০৬ ফেব্রুয়ারি, ২০২৫ / ২৩ মাঘ, ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস প্রোভাইডার/
পেমেন্ট সার্ভিস প্রোভাইডার/পেমেন্ট সিস্টেম অপারেটর/আন্তর্জাতিক পেমেন্ট স্কিম

প্রিয় মহোদয়,

**NPSB এর মাধ্যমে সম্পাদিত লেনদেন এবং কার্ড স্কিমের মাধ্যমে সরকারি অর্থ পরিশোধে ফি/চার্জ নির্ধারণ প্রসঙ্গে।**

দেশের অভ্যন্তরে National Payment Switch Bangladesh (NPSB) এবং International Payment Scheme (IPS) সমূহের মাধ্যমে সম্পাদিত ইলেক্ট্রনিক লেনদেনের জন্য ফি/চার্জ নিম্নরূপে নির্ধারণ করা হলোঃ

২। **Automated Teller Machine (ATM)**

NPSB এর আওতায় একটি ব্যাংকের গ্রাহক ভিন্ন ব্যাংকের ATM ব্যবহারে সম্পাদিত লেনদেন প্রতি সার্ভিস চার্জ নিম্নরূপঃ

| লেনদেনের বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|
| নগদ অর্থ উত্তোলন | সর্বোচ্চ ৩০.০০ (ত্রিশ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত) |
| স্থিতি অনুসন্ধান | সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত) |
| ক্ষুদে বিবরণী প্রদান | সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত) |
| তহবিল স্থানান্তর | সর্বোচ্চ ১০.০০ (দশ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত) |

এই চার্জ কার্ড ইস্যুয়িং ব্যাংক/প্রতিষ্ঠান অ্যাকোয়ারিং ব্যাংক/প্রতিষ্ঠানকে প্রদান করবে। নগদ অর্থ উত্তোলনের ক্ষেত্রে প্রতি মাসে প্রথম ৫টি লেনদেনে (প্রতি লেনদেনে ২০,০০০/- টাকা বা গ্রাহকের চাহিদানুসারে তদনিম্ন অর্থ) ইস্যুয়িং ব্যাংক/প্রতিষ্ঠান সর্বোচ্চ ১৫ (পনের) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত) গ্রাহকের নিকট হতে আদায় করতে পারবে। পরবর্তী লেনদেনসমূহে ইস্যুয়িং ব্যাংক/প্রতিষ্ঠান সম্পূর্ণ চার্জ গ্রাহক হতে আদায় করতে পারবে। এক্ষেত্রে, NPSB এর আওতায় গ্রাহক প্রতি মাসে সর্বোচ্চ ২,০০,০০০/- টাকা পর্যন্ত নগদ অর্থ উত্তোলন করতে পারবে। নগদ অর্থ উত্তোলন ব্যতীত অন্যান্য লেনদেনের সার্ভিস চার্জ বাবদ উল্লিখিত সম্পূর্ণ অর্থ কার্ড ইস্যুয়িং ব্যাংক/প্রতিষ্ঠান গ্রাহকের নিকট হতে আদায় করতে পারবে।

৩। **Point of Sale (POS), Bangla QR, E-commerce**

৩.১। বিভিন্ন বিশেষায়িত খাতে (যেমনঃ চিকিৎসা, শিক্ষা ও অন্যান্য) লেনদেনে ব্যবহৃত Merchant Category Code (MCC) কোডের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত বিশেষ ফি/চার্জ প্রযোজ্য হবে। অন্যান্য ক্ষেত্রে NPSB এর আওতায় POS, Bangla QR, E-commerce পরিশোধ ব্যবস্থা ব্যবহার করে মার্চেন্ট পেমেন্টে অ্যাকোয়ারিং ব্যাংক/প্রতিষ্ঠান কর্তৃক মার্চেন্ট হতে আদায়যোগ্য ফি/সার্ভিস চার্জের সর্বোচ্চ হার (ভ্যাট অন্তর্ভুক্ত) এবং ইস্যুয়িং ব্যাংক/প্রতিষ্ঠানের ফি-এর বিভাজন নিম্নরূপঃ

| লেনদেনের মাধ্যম | হিসাব/কার্ড | Merchant Discount Rate (MDR) | Interchange Reimbursement Fee (IRF) |
|---|---|---|---|
| POS | Debit & Prepaid Cards | ১.১৫% | ০.৪০% |
| | Credit Cards | ১.১৫% | ০.৭০% |
| Bangla QR | Bank Account, Debit & Prepaid Cards | ১.১৫% | ০.৩৫% |
| | Credit Card, MFS, PSP | ১.১৫% | ০.৭০% |
| E-commerce | Bank Account, Debit & Prepaid Cards | ১.১৫% | ০.৪০% |
| | Credit Card, MFS, PSP | ১.১৫% | ০.৭০% |

বর্ণিত ফি/সার্ভিস চার্জ কোনভাবেই গ্রাহকের নিকট থেকে আদায় করা যাবে না।

চলমান পাতা- ০২

৩.২। দেশের অভ্যন্তরে POS ব্যবহার করে নগদ অর্থ উত্তোলনের ক্ষেত্রে ইস্যুয়িং ব্যাংক/প্রতিষ্ঠান লেনদেন প্রতি সার্ভিস চার্জ সর্বোচ্চ ২০.০০ (বিশ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত) অ্যাকোয়ারিং ব্যাংক/প্রতিষ্ঠানকে প্রদান করবে। ইস্যুয়িং ব্যাংক/প্রতিষ্ঠান গ্রাহকের নিকট হতে উক্ত চার্জ আদায় করতে পারবে।

৪। ইন্টারনেট ব্যাংকিং ফান্ড ট্রান্সফার (IBFT)

NPSB এর আওতায় এক ব্যাংকের গ্রাহক ইন্টারনেট ব্যাংকিং ফান্ড ট্রান্সফার পদ্ধতি ব্যবহার করে ভিন্ন ব্যাংকে তহবিল স্থানান্তরের ক্ষেত্রে লেনদেন প্রতি সার্ভিস চার্জ সর্বোচ্চ ১০.০০ (দশ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত); যা অরিজিনেটিং ব্যাংক তাদের গ্রাহকের নিকট হতে আদায় করতে পারবে।

৫। অনলাইনে আয়কর পরিশোধ এবং সরকারি পরিষেবা

৫.১। করদাতাদের অধিকতর উৎসাহ প্রদান ও অনলাইনে আয়কর পরিশোধ সহজ করার লক্ষ্যে e-Return সিস্টেম হতে কার্ড পেমেন্ট, ইন্টারনেট ব্যাংকিং ও এমএফএস/পিএসপি ওয়ালেট-এর মাধ্যমে আয়কর পরিশোধের (MCC-9311 Tax payments) ক্ষেত্রে প্রযোজ্য ফি/চার্জ নিম্নরূপ:

ক) বাংলাদেশে ইস্যুকৃত কার্ড ও ইন্টারনেট ব্যাংকিং ব্যবহার করে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত লেনদেনে গ্রাহকের নিকট হতে লেনদেন প্রতি সর্বোচ্চ ২০/- (বিশ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত) এবং ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার উর্ধ্বে লেনদেন প্রতি সর্বোচ্চ ৫০/- (পঞ্চাশ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত) আদায় করা যাবে;

খ) এমএফএস/পিএসপি ওয়ালেট ব্যবহার করে লেনদেনে গ্রাহকের নিকট হতে লেনদেন প্রতি ১% বা সর্বোচ্চ ৩০/- (ত্রিশ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত), যা নিম্নতর, আদায় করা যাবে;

গ) এ লেনদেনের বিপরীতে কোন চার্জব্যাক প্রযোজ্য হবে না।

৫.২। ক) কার্ডের মাধ্যমে সরকারি পরিষেবার মূল্য পরিশোধের ক্ষেত্রে Merchant Category Code (MCC)- 9211 (Court costs including alimony and child support), MCC-9222 (Fines)-এ প্রদেয় পরিষেবাসমূহ ব্যতীত অন্যান্য সরকারি পরিষেবার মূল্য পরিশোধের ক্ষেত্রে MCC-9399 ব্যবহৃত হবে এবং MCC-9399 এর বিপরীতে কোন চার্জব্যাক প্রযোজ্য হবে না।

খ) MCC-9399 এর বিপরীতে সংঘটিত কার্ড লেনদেনের ক্ষেত্রে বাংলাদেশে ইস্যুকৃত কার্ডের জন্য ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত পরিশোধের ক্ষেত্রে অ্যাকোয়ারিং ব্যাংক/প্রতিষ্ঠান গ্রাহকের নিকট হতে লেনদেন প্রতি সর্বোচ্চ ২০ (বিশ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত) আদায় করবে, যার মধ্যে ৫ (পাঁচ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত) কার্ড ইস্যুয়িং ব্যাংক/প্রতিষ্ঠানকে প্রদান করবে। ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকার উর্ধ্বে এ জাতীয় লেনদেনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক/প্রতিষ্ঠানসমূহের প্রচলিত ফি/চার্জ প্রযোজ্য হবে।

আগামী ২০ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখ হতে এই নির্দেশনা কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শরাফত উল্লাহ খান)
পরিচালক (পিএসডি)
ফোনঃ ৯৫৩০৬১১